

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ই নভেম্বর, ২০০৯/২৮শে কার্তিক, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১২ই নভেম্বর, ২০০৯(২৮শে কার্তিক, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ৬৪ নং আইন

Representation of the People Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Representation of the People (Second Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৫ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। P.O. No. 155 of 1972 এর Article 90B এর সংশোধন।—Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 90B এর clause (1) এর sub-clause (b) (iii) তে উল্লিখিত “consisting to” শব্দগুলির পরিবর্তে “consisting of” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(৭৩৪৫)

মূল্য : টাকা ২.০০

৩। **P.O. No. 155 of 1972** এর **Article 90D** এর সংশোধন।—উক্ত Order এর Article 90D এর শর্তাংশে উল্লিখিত “within six months” শব্দগুলির পরিবর্তে “within twelve months” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **P.O. No. 155 of 1972** এর **Article 90G** এর সংশোধন।—উক্ত Order এর Article 90G তে উল্লিখিত “clause (2) of Article 90B” শব্দগুলি, বন্ধনী, সংখ্যাগুলি ও বর্ণের পরিবর্তে “clause (1) (b) of Article 90B” শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **P.O. No. 155 of 1972** এর **Article 90H** এর সংশোধন।—উক্ত Order এর Article 90H এর—

(ক) clause (1) এর—

(অ) sub-clause (c) তে উল্লিখিত “for consecutive years” শব্দগুলির পরিবর্তে “for three consecutive years” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) sub-clause (d) তে উল্লিখিত “clause (2) or (4) of Article 90B” শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি ও বর্ণের পরিবর্তে “clause (1) (b) of Article 90B” শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে এবং শেষ প্রান্তস্থিত “or” শব্দটি বিলুপ্ত হইবে;

(ই) sub-clause (e) এর শেষ প্রান্তস্থিত “.” ফুলস্টপ চিহ্নের পরিবর্তে “; or” সেমিকোলন চিহ্ন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ একটি নূতন sub-clause (f) সংযোজিত হইবে, যথা ঃ—

“(f) if the political party fails to submit a ratified constitution within the stipulated period as mentioned in the proviso of Article 90D.”; এবং

(খ) clause (2) তে উল্লিখিত “sub-clauses (c), (d) and (e)” শব্দগুলি, বন্ধনীগুলি, বর্ণগুলি এবং কমা পরিবর্তে “sub-clauses (c), (d), (e) and (f)” শব্দগুলি, বন্ধনীগুলি, বর্ণগুলি এবং কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

আশফাক হামিদ

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক এর অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd